গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
চারঘাট, রাজশাহী।

পত্র নং-৩৩.০২.৮১২৫.৫০১.২৭.০০১.১৮-৮০ তারিখঃ ০৬/০৮/১৮খ্রিঃ

## কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০১৯-২০ খ্রিঃ আর্থিক সনে পিপিআর-২০০৮ মোতাবেক "রাজস্ব খাতে" মৎস্য ও মৎস্য জাত দ্রব্য উপখাতের আওতায় পোনা মাছ সরবরাহের জন্য আগ্রহী পোনা উৎপাদনকারী/পোনা বিক্রেতা/পোনা ব্যবসায়ী/ সরবরাহকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের কাছ থেকে অত্র দপ্তরের নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে ।

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়। |
| ২ | বাস্তবায়নকারী সংস্থা | মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা । |
| ৩ | ক্রয়কারী সংস্থা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, চারঘাট, রাজশাহী। |
| ৪ | ব্যয়ের উৎস্য | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা এর পত্র নং-৩৩.০২.০০০০.১১৭.০৪.০২১.১৯.৯৫৯ তাং ২৯/০৭/১৯ খ্রিঃ হিসাব খাত"১৪৪০২০৪-৩২৫৪১০১" মৎস্য ও মৎস্য জাত দ্রব্য উপখাত |
| ৫ | কোটেশন বিজ্ঞপ্তির নং ও তারিখ | পত্র নং- ৩৩.০২.৮১২৫.৫০১.২৭.০০১.১৮-৮০ তারিখঃ- ০৬/০৮/১৯ খ্রিঃ |
| ৬ | সংগ্রহ/ক্রয় পদ্ধতি | পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ মোতাবেক RFQ পদ্ধতি (কোটেশন) |
| ৭ | কোটেশন সিডিউল প্রাপ্তির স্থান ও সময় | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, চারঘাট, রাজশাহী, ০৮/০৮/১৯খ্রিঃ তারিখ ২:০০ ঘটিকা পর্যন্ত । |
| ৮ | কোটেশন দাখিলের তারিখ সময় ও স্থান | ১৪/০৮/১৯খ্রিঃ তারিখ বেলা ১০:৩০ ঘটিকা পর্যন্ত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, চারঘাট, রাজশাহী। |
| ৯ | কোটেশন খোলার তারিখ সময় ও স্থান | ১৪/০৮/১৯ খ্রিঃ তারিখ ১১:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চারঘাট, রাজশাহী। |
| ১০ | বিশেষ শর্তাবলী | (ক ) নির্ধারিত আকারের বড় বা ছোট পোনা মাছ গ্রহন করা হবে না<br>(খ) দুর্বল/ শংকর/বিকলাঙ্গ পোনা গ্রহন করা হবে না<br>(গ) কোটেশনে উদ্ধৃত মূল্য কেজিতে উল্লেখ করতে হবে।<br>(ঘ) কোটেশনে প্রতি কেজি মূল্য অংকে ও কথায় (দরহার) উদ্ধৃত করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা চলবে না। |

১১। কাজের বিবরণঃ

| ক্রঃ নং | কাজের নাম | বর্ণনা |
|---|---|---|
| ১ | রুই জাতীয় মাছের পোনা সরবরাহ | (ক) পোনা মাছ ক্রয় করা হবে |

## শর্তাবলীঃ

০১. কোটেশন দাতাকে সীল মোহরযুক্ত খামে নির্ধারিত সিডিউলে কোটেশন দাখিল করতে হবে। কোটেশনের খামের উপর কাজের নাম" পোনা মাছ সরবরাহের কোটেশন "কথাটি উলেখ পূর্বক খামের বাম পার্শ্বে কোটেশন দাতার নাম ও ঠিকানা এবং ডান পার্শ্বে প্রাপকের নাম"সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চারঘাট, রাজশাহী" উল্লেখ করতে হবে ।

০২. শুধু মাত্র কৃতকার্য দরপত্রদাতাকে চুক্তি ও কার্যাদেশ সম্পাদনের পূর্বে প্রাক্কলিত মূল্যের ১০% টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে জমা প্রদান করতে হবে এবং শর্ত সাপেক্ষে পোনা সরবরাহে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেযাপ্ত করে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হবে।

০৩. কোটেশন দাতাকে অবশ্যই হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশনসহ অন্যান্য কাগজপত্রর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে ।

০৪. কোটেশন দাতাকে প্রতি কেজি পোনা মাছের গড় মূল্য অংকে ও কথায় উলেখ করতে হবে কোন প্রকার কাটা কাটি বা ঘোষা মাজা গ্রহণ করা হবে না ।

০৫. কোটশন দাতাকে সুস্থ, সবল, রোগমুক্ত, যাহা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত ১০-১৫ সেঃ মিঃ আকারের রুই জাতীয় পোনা মাছ যার মধ্যে রুই ৩০%, কাতলা ৪০%, মৃগেল/কালিবাউস/ঘনিয়া-৩০% সরবরাহ করতে হবে ।

০৬. অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কোটেশন কমিটির অনুমোদন ও দরহার অনুমোদনের পর কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশে বর্ণিত সিডিউল মোতাবেক প্রজাতি ভিত্তিক নিদিষ্ট পরিমান পোনা মাছ নির্বাচিত জলাশয়ে নিজ দায়িত্বে সরবরাহ করিতে হবে এবং পোনা মাছ গ্রহণকমিটি কর্তৃক পোনা মাছ গ্রহণ ও অবমুক্ত না করা পর্যন্ত পোনা রক্ষণাবেক্ষণের দায়িত্ব সরবরাহকারীকে পালন করতে হবে । পরিবহন ও রক্ষণাবেক্ষণের জন্য কোন ব্যয় পরিশোধ করা হবে না

০৭. কৃতকার্য কোটেশন দাতাকে কার্যাদেশ প্রদানের (সাত) দিনের মধ্যে চাহিদা মোতাবেক পোনা সরবরাহ করতে হবে ।

০৮. কার্যাদেশ ও কোটেশনের শর্ত মোতাবেক সুষ্ঠু ও সন্তোষ জনক ভাবে পোনা মাছ সরবরাহের পর বিল পরিশোধের জন্য ২(দুই) প্রস্থ বিল নিম্ন স্বাক্ষর কারীর বরাবরে দাখিল করতে হবে ।

০৯. সরকারী বিধি মোতাবেক বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে ।

১০. সর্বনিম্ন কোটেশন গ্রহনে কমিটি বাধ্য নহে । ত্রুটিযুক্ত বা কোটেশনের শর্তের বর্হিভুত যে কোন কোটেশন বাতিল বলে গন্য হবে ।

১১. উপরোক্ত শর্ত ছাড়াও প্রয়োজনে অন্য যে কোন শর্ত কোটেশন কমিটি কার্যাদেশে উল্লেখ করতে পারবেন।

১২ পোনা সরবরাহের পরিমান কম বেশী হতে পারে এবং চারঘাট উপজেলার যে কোন নির্বাচিত জলাশয়ে পোনা সরবরাহ করতে বাধ্য থাকিবে ।

১৩. অর্থ বরাদ্দ প্রাপ্তি ও প্রযোজ্য ক্ষেত্রে অর্থ মঞ্জরী সাপেক্ষে বিল প্রদান করা হবে ।

১৪. ২০১৯-২০২০ অর্থ বছরে পরবর্তীতে এক বা একাধিক বরাদ্দ পাওয়া গেলে একই দর হারে আনুপাতিক হারে রুই ও দেশীয় প্রজাতির পোনা সরবরাহ করতে হবে ।

১৫. এই কোটেশন বাতিল/ গ্রহন পরিবর্তন পরিমার্জন করার ক্ষমতা নিম্ন স্বাক্ষরকারী সংরক্ষণ রাখেন।

(মোঃ ওমর আলী)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অঃ দাঃ)
চারঘাট, রাজশাহী

পত্র নং-৩৩.০২.৮১২৫.৫০১.২৭.০০১.১৮-৮০ /(৫০) তারিখঃ ০৬/০৮/১৯খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। উপ পরিচালক, মৎস অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
২। জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
৪। মেয়র, চারঘাট পৌরসভা, চারঘাট, রাজশাহী ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
৭। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চারঘাট, রাজশাহী।
৯-১১। উপজেলা কৃষি/ প্রাণিসম্পদ/সমাজসেবা কর্মকর্তা, চারঘাট, রাজশাহী। সদস্য, উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি। মহোদয়কে নিদিষ্ট তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।
১২-২৯। উপজেলা.............................................কর্মকর্তা, চারঘাট, রাজশাহী । বহুলপ্রচারের জন্য অনুরোধ করা হলো ।
৩০-৩৫। চেয়ারম্যান,ইউসুফপুর/শলুয়া/সরদহ/নিমপাড়া/চারঘাট/ভায়ালক্ষীপুর.ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী । বহুলপ্রচারের জন্য অনুরোধ করা হলো ।
৩৬। জনাব..........................................................সদস্য, জলাশয় নির্বাচন ও পোনা ক্রয় কমিটি । মহোদয়কে নিদিষ্ট তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।
৩৭। দপ্তর নথি ।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অঃ দাঃ)
চারঘাট, রাজশাহী